

স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১৭.২৭.০০১.১৭-৫২৯

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ।  
১১ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।


### প্রজ্ঞাপন

যেহেতু, মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার ০৩নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব ছালেক মিয়া, ০৩নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদের নামে অধিগ্রহণকৃত ভূমিতে নির্মিত কামারপট্টি টিনশেড প্রকল্পের মাধ্যমে সরকারি টাকা ব্যয়ে অবৈধ স্থাপনা নির্মাণের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, মৌলভীবাজার বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার ০৩নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব ছালেক মিয়া, ০৩নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদের নামে অধিগ্রহণকৃত ভূমিতে নির্মিত কামারপট্টি টিনশেড প্রকল্পের মাধ্যমে সরকারি টাকা ব্যয়ে অবৈধ স্থাপনা নির্মাণের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার ০৩নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব ছালেক মিয়া কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) ও (ঘ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব  
ফোন: ৯৫৮৬৬০৫  
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১৭.২৭.০০১.১৭-৫২৯


তারিখ: ২৭ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ।  
১১ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর, মৌলভীবাজার।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব ছালেক মিয়া, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০৩নং মুন্সিবাজার ইউনিয়ন পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মো: আবুজাফর রিপন পিএএ)  
উপসচিব